# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ অপরের সাথে সাক্ষাতের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## মুআনাকা

মুআনাকা হল, অপরের উনুক (গর্দানের) সাথে উনুক (গর্দান) লাগিয়ে জড়িয়ে ধরা।[1] বুকে বুক লাগাবার কথা নেই। অবশ্য কোন কোন অভিধানে গর্দানের সাথে গর্দান লাগিয়ে বুকে জড়িয়ে ধরার কথাও রয়েছে। [2]কোন কোন অভিধানে রয়েছে, অপরের গর্দানে দুই হাত রেখে নিজের দিকে টেনে নেওয়া।[3]

সুতরাং বুঝা যায় যে, এই আদবের মূল হল, গর্দানের সাথে গর্দান মিলানো। অবশ্য অত্যন্ত ভালোবাসার আকর্ষণে বুকে জড়িয়ে ধরা দোষাবহ নয়। তবে গর্দান পরিবর্তন করার কথা পাওয়া যায় না। এ ক্ষেত্রে ডানে-বামে পরিবর্তন করে তিনবার গলাগলি করা নির্দিষ্টভাবে প্রমাণিত নয় তথা তা দলীল-সাপেক্ষ।

মুআনাকার অর্থে বাংলাতে কোলাকুলি ব্যবহার করা হয়। আর সে ক্ষেত্রে বুকে বুক ও পেটে পেট লাগিয়ে জড়িয়ে ধরে থাকে অনেকে মহববতের আকর্ষণে। আর সেই জন্য অনেকে এটাকে আশ্লেষ বা আলিঙ্গনও বলে থাকে।

তবে এ শব্দ কেবল স্বামী-স্ত্রীর ক্ষেত্রে ব্যবহার্য। কারণ, এর গভীর অর্থ হল, লিঙ্গ পর্যন্ত কোলাকুলি করা বা বুকে জড়িয়ে ধরা। অতএব অন্যান্যদের ক্ষেত্রে ঐ শব্দ ব্যবহার করা বৈধ নয়।

### ফুটনোট

[1]. লিসানুল আরাব ১০/২৭২

[2]. আল-মু’জামুল অসীত্ব ৬৩২পৃঃ

[3]. মুখতারুস সিহাহ ১৯২পৃঃ

Source — https://www.hadithbd.com/books/link/?id=8007

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন